# ঢাকা বিশ্ববিদ্যালয়

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিস্ট সকল বিভাগীয় প্রধান/হল প্রভোস্ট/ইনস্টিটিউট প্রধানের মাধ্যমে সকল বিদেশী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশী শিক্ষার্থীদের ন্যায় সকল বিদেশী শিক্ষার্থীকে স্বাস্থ্য বীমার অন্তর্ভূক্ত হতে হলে হিসাব পরিচালক দপ্তরে স্বাস্থ্য বীমার প্রিমিয়াম জমা দেয়া নিশ্চিত করতে হবে (নমুনা সংযুক্ত)। ৩৩০/-(তিনশত ত্রিশ) টাকা প্রিমিয়াম জমার মাধ্যমে যে সকল হাসপাতালে স্বাস্থ্য সেবা নেয়া যাবে সে সকল হাসপাতালের তালিকা ও স্বাস্থ্য সেবা বিধিসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

স্মারক নং- রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/- ৩৪৬ – বিঃ

তারিখ ঃ ১৫/২/১৪৩১
২৯/৫/২০২৪

আদিষ্ট হয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়

(১–৪: বিভাগ/ইনস্টিটিউট/হল-এর নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(শিউলি আফছার) ২৯/৫/২০২৪
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

CS CamScanner

ঢাকা বিশ্ববিদ্যালয়

নং....৪৭......স্বাস্থ্যবীমা/হিপঅ

তারিখ : ২১ আষাঢ় ১৪৩০
05 July 2023

# শিক্ষার্থীদের স্বাস্থ্যবীমা বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল নিয়মিত শিক্ষার্থীদের স্বাস্থ্যবীমা ও জীবনবীমা প্রকল্পের বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে **যমুনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড-এর** বীমা চুক্তি ২ (দুই) বছরের জন্য (০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৫ তারিখ পর্যন্ত) নবায়ন করা হয়েছে, যা ১লা জুলাই ২০২৩ হতে কার্যকর।

| | |
|---|---|
| ক) বীমাকৃত শিক্ষার্থীদের জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম: | বার্ষিক প্রিমিয়াম জনপ্রতি ৩৩০.০০ (তিনশত ত্রিশ) টাকা (শিক্ষার্থীগণ নিজে বহন করবেন)। |
| খ) প্রিমিয়াম পরিশোধের নিয়মাবলী: | শিক্ষার্থীগণ ভর্তির সময় বাৎসরিক ৩৩০.০০ (তিনশত ত্রিশ) টাকা এককালীন বাধ্যতামূলকভাবে পরিশোধ করবেন। বর্তমানে যে সকল শিক্ষার্থীগণ বার্ষিক প্রিমিয়াম ৩৩০.০০ (তিনশত ত্রিশ) টাকা জমা দেন নাই তাঁরা **https://student.eis.du.ac.bd** এ লগইন করে health insurance বাটন ক্লিক করে প্রিমিয়ামের টাকা জমা দিতে পারবেন। টাকা জমা করার পর শিক্ষার্থীগণ স্বাস্থ্যবীমা প্রিমিয়ামের জমা রশিদ পাবেন এবং তা সংরক্ষণ করবেন। এছাড়া বীমার মেয়াদ পর্যন্ত সকল শিক্ষার্থীগণ Website এ Login করে জমা রশিদটি Download করতে পারবেন। স্বাস্থ্যবীমা দাবির সময় প্রয়োজনীয় কাগজপত্রের সাথে টাকা জমা রশিদ দাখিল করতে হবে। |

**এই প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সকল শিক্ষার্থী নিম্নে বর্ণিত স্বাস্থ্যবীমা ও জীবন বীমার সুবিধা ভোগ করতে পারবেন।**

গ) জীবনবীমা (মৃত্যুদাবি):

| | |
|---|---|
| বীমা সুবিধা (আত্মহত্যা এবং এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগ ব্যতীত অন্য কোন কারণে মৃত্যু ঘটলে) | সর্বোচ্চ =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা |

যদি কোন বীমা গ্রহীতা উক্ত চুক্তির আওতায় মারা যান (আত্মহত্যা এবং এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগের কারণে মৃত্যু ব্যতীত), মৃত্যুর লিখিত প্রমাণ প্রাপ্তির পরে, নিহত সদস্যের বয়সের যথোপযুক্ত প্রমাণ এবং এই চুক্তির বিধান সাপেক্ষে কোম্পানি পলিসি ধারককে তফসিলে উল্লেখিত পরিমাণ অর্থ পরিশোধ করবে এবং উক্ত বীমাকৃত সদস্যের বীমা চুক্তির অবসান ঘটবে। যদি কোনো সদস্য হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় তাহলে মৃত্যুদাবির অর্থ ও হাসপাতালের চিকিৎসাজনিত ব্যয়ের দাবি (চুক্তির শর্তাবলী অনুযায়ি) প্রদানের মাধ্যমে উক্ত সদস্যের বিষয়ে কোম্পানির সমস্ত দায়বদ্ধতা বিলোপ হবে।

**ঘ) স্বাস্থ্যবীমায় অন্তর্ভুক্ত নিয়মিত শিক্ষার্থীগণ চিকিৎসার ক্ষেত্রে নিম্নরূপ সুবিধা পাবে:**

| | |
|---|---|
| **১) হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে জনপ্রতি বার্ষিক সুযোগ-সুবিধা:** | সর্বোচ্চ =৭০,০০০/- (সত্তর হাজার) টাকা |
| **২) হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে দৈনিক সুযোগ-সুবিধা:** হাসপাতালে থাকাকালীন কেবিন/ওয়ার্ড ভাড়া, হাসপাতাল সেবা, অস্ত্রোপচার জনিত ব্যয়, পরামর্শ ফি, পরীক্ষা-নিরীক্ষার বিল, ঔষধসহ | সর্বোচ্চ =১০,০০০/- (দশ হাজার) টাকা<br>**(এই ব্যয় ক্রমিক ১ নং ব্যয়ের অন্তর্ভুক্ত)** |
| **৩) বহির্বিভাগ চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে জনপ্রতি বার্ষিক সুযোগ-সুবিধা:** বহির্বিভাগে চিকিৎসক কর্তৃক নির্দেশিত পরীক্ষা-নিরীক্ষার ব্যয়, চিকিৎসকের পরামর্শ ফি এবং প্রেসক্রিপশনে উল্লেখিত ঔষধ খরচ বাবদঃ | বাৎসরিক সর্বোচ্চ =১০,০০০/- (দশ হাজার) টাকা<br>ডাক্তারের পরামর্শ ফি বাবদ বার্ষিক=৩.২০০/- (তিন হাজার দুইশত) টাকা<br>**(বিশেষজ্ঞ ডাক্তারের জন্য প্রতি ব্যবস্থাপত্রে সর্বোচ্চ ৮০০/- টাকা)**<br>ঔষধ বাবদ বার্ষিক=৩,৪০০/- (তিন হাজার চারশত) টাকা<br>**(চিকিৎসক কর্তৃক নির্দেশিত ঔষধ ক্রয়ের ক্ষেত্রে প্রথমবারে এক মাসের বিল দেয়া হবে, পরবর্তীতে চিকিৎসকের পরামর্শ মোতাবেক)**<br>পরীক্ষা-নিরীক্ষা বাবদ বার্ষিক=৩,৪০০/- (তিন হাজার চারশত) টাকা<br>**(এই সকল ব্যয় ক্রমিক ১ নং ব্যয়ের অর্ন্তভূক্ত নয়)** |
| ৪) বীমাকৃত শিক্ষার্থীগণের চিকিৎসা সেবা প্রাপ্তি: | বীমা কোম্পানি কর্তৃক Listed Hospital এ ভর্তি হয়ে ১ ও ২ নং এ বর্ণিত শর্তমতে সরাসরি Cashless (GOP) সুবিধা গ্রহণ করতে পারবেন। এজন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.du.ac.bd হতে Gurantee of Payment (GOP) Request Form download করে তা পূরণ করত Doctors Advice/Prescription এবং শিক্ষার্থীর আই.ডি কার্ড সহকারে group.ins@jamunalife.com ও dustudenthealth@gmail.com এ ই-মেইল করে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন। **হাসপাতালে ভর্তি ও স্বাস্থ্যবীমা সম্পর্কিত অন্যান্য তথ্যের জন্য প্রয়োজনীয় যোগাযোগ: মো: ছানোয়ার হোসেন, সহকারী হিসাব পরিচালক (স্বাস্থ্যবীমা), ঢাকা বিশ্ববিদ্যালয়। মোবাইল: ০১৭১৫৪১৩৬৩৫, স্বাস্থ্যবীমা শাখার হেল্প ডেস্ক পিএবিএক্স নাম্বার ৪১৮০।**<br>এছাড়া যে কোন Hospital এ ভর্তি হয়ে নিজ খরচে চিকিৎসা গ্রহণ ও বহির্বিভাগ চিকিৎসা গ্রহণ শেষে **Claim Form** পূরণ করত: প্রয়োজনীয় কাগজপত্রসহ তাদের নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউটে জমা দিয়ে ১, ২ ও ৩ নং এ বর্ণিত শর্তমতে স্বাস্থ্যবীমার অর্থ দাবি করতে পারবেন। |
| ৫) শিক্ষার্থীদের করণীয়: | শিক্ষার্থীগণ বীমা সংক্রান্ত যে কোনো তথ্য জানার জন্য নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন এবং বীমা দাবির আবেদনপত্র জমা দিবেন। |
| ৬) বিভাগ/ইনস্টিটিউটের করণীয়: | স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটের প্রধানগণ একজন শিক্ষক ও কর্মকর্তাকে এই বীমা কার্যক্রম পরিচালনায় সহযোগিতার জন্য দায়িত্ব প্রদান করবেন। দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তা সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের শিক্ষার্থীগণের বীমা দাবির আবেদনপত্র গ্রহণ করে যাচাই-বাছাইপূর্বক স্বাক্ষর করে বিভাগ/ইনস্টিটিউটের প্রধানগণের স্বাক্ষর নিয়ে নথিভুক্ত করে হিসাব পরিচালক অফিসের স্বাস্থ্যবীমা শাখায় (কক্ষ নং ২১৫) প্রেরণ করবেন (৬০ দিনের মধ্যে)।<br>• হিসাব পরিচালক অফিস বীমা দাবির চেক প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং চেক প্রাপ্তির পর স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্তদের চেক গ্রহণের জন্য ফোন করে অবহিত করবেন। |
| ৭) Claim Form ও Gurantee of Payment (GOP) Request Form প্রাপ্তি: | শিক্ষার্থীগণ এবং দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তাগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.du.ac.bd হতে Claim Form ও Gurantee of Payment (GOP) Request Form সংগ্রহ করতে পারবেন। |

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

CamScanner

১. শর্তাবলীঃ

i) **বীমায় অন্তর্ভুক্তির শর্তাবলীঃ**

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- শিক্ষার্থীর বয়স সর্বনিম্ন ১৭ বছর এবং সর্বোচ্চ ২৮ বছর।
- সকল নিয়মিত শিক্ষার্থীকে স্বাস্থ্যবীমায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে।
- কোন শিক্ষার্থীর বয়স সীমা ২৮ বছর অতিক্রম করলে অথবা ছাত্রত্ব হারালে বীমা সুবিধা পাওয়া যাবে না।

২. সাধারণ শর্তাবলী।

i) নিম্নোক্ত কারণে চিকিৎসা গ্রহণের ব্যয় ইন্স্যুরেন্স কোম্পানি বহন করবে না।

- টিকাদান প্রক্রিয়ার ক্ষেত্রে সংঘটিত ব্যয়।
- পরিবার পরিকল্পনার উদ্দেশ্যে বন্ধ্যাত্বকরণ ও ইরেগুলার পিরিয়ড অথবা প্রজনন সহায়তা সম্পর্কিত চিকিৎসা, গর্ভনিরোধক ব্যয় এবং মহিলাদের স্বাস্থ্যকর পণ্য যেমন- স্বাস্থ্যসম্মত প্যাড সরবরাহ, ইত্যাদি ব্যয়।
- মানসিক, সংবেদনশীল অথবা মানসিক রোগ, মদ্যপান অথবা অন্য কোন ধরনের মাদকাসক্তিজনিত ব্যয়।
- স্থূলতা অথবা স্থূলতা দূরকরণের চিকিৎসা, দুর্ঘটনা বা পোড়াজনিত আঘাত ব্যতীত অন্য কোন চর্মরোগ (**শুধুমাত্র ডাক্তারের ফি ব্যতীত**) বা কোনো প্রকার কসমেটিক বা প্লাস্টিক সার্জারির ব্যয়।
- কোন পদ্ধতি যা পরীক্ষামূলক বা চিকিৎসা পেশা দ্বারা গ্রহণীয় নয় যেমন- আকুপাংচার, ভেষজ/আয়ুর্বেদিক/হোমিওপ্যাথি চিকিৎসা এবং বিকল্প চিকিৎসা সেবা (এএমসি) ইত্যাদির ব্যয়, পায়ের ও হাতের স্ক্রু, নাট, বল্টু ইত্যাদি ব্যয়।
- তাপ স্নান বা ওজন কমানো বা সৌন্দর্যবর্ধনে হাসপাতালে অবস্থানকালে সংঘটিত ব্যয়।
- বেআইনি ক্রিয়াকলাপে অংশগ্রহণের দরুন দুর্ঘটনাজনিত ক্ষত (লাইসেন্স বিহীন গাড়ী চালানো), আত্মহত্যার চেষ্টা, আইন ভঙ্গ বা আইন ভঙ্গের চেষ্টা, বাতুলতা বা ড্রাগের প্রভাব বা ইচ্ছাকৃতভাবে সাধিত নিজের ক্ষতি সম্পর্কিত ব্যয়।
- চোখের নিয়মিত পরীক্ষাকরণ (**শুধুমাত্র ডাক্তারের ফি ব্যতীত**), চশমার ফিটিং, প্রতিস্থাপন (অন্তঃঅক্ষি লেন্স, কন্ট্যাক্ট লেন্স) অথবা শ্রবণসহায়ক যন্ত্র, কানের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা (**শুধুমাত্র ডাক্তারের ফি ব্যতীত**) অথবা দন্ত্য চিকিৎসাজনিত (**শুধুমাত্র ডাক্তারের ফি ব্যতীত**) ব্যয় (রুটকেনাল, ফেল ইত্যাদি যদি না দুর্ঘটনার ফলে পুনর্গঠনমূলক সার্জারির জন্য হাসপাতালে অবস্থান প্রয়োজন হয়)।
- যক্ষারোগের নন-অস্ত্রোপ্রচারজনিত চিকিৎসা (জরুরী হাসপাতাল সেবা ব্যতীত), হেপাটাইটিস বি, সি এবং অন্যান্য টিকাদান, দাঁত সংশ্লিষ্ট সকল চিকিৎসা ব্যয়, এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগ।
- ঘুমের ব্যাধি যেমন- নিদ্রাহীনতার চিকিৎসা,নাকডাকা বা নিদ্রায় শ্বাসকষ্টজনিত (এলার্জি ও এজমা) সমস্যায় সংঘটিত ব্যয় (প্রেসক্রিপশনে পরামর্শ ফি ব্যতীত)।
- হেয়ার প্লান্টেশন, স্কীন চিকিৎসা, ফেসিয়াল, জন্মগত জনিত সকল রোগ, থাইরয়েড জনিত চিকিৎসা ব্যয়।
- মোরাল এফ, হেয়ার ভিট, নাইকোলবিট শ্যাম্পু, এসকাপ+শ্যাম্পু, প্রোনার, ক্রিম, ওয়েনমেন্ট, ওয়েল জাতীয় পন্য, সাবান, লোশন,স্প্রে, টিস্যু, ইকেপ জাতীয় পন্য, ভিটামিন জাতীয় ঔষধ, কোভিড টেস্ট, কেবিনে থাকাকালীন সকল খাবার ব্যয় বীমা সুবিধার বাইরে থাকবে।
- ড্রাইভিং অবস্থায় মৃত্যুবরণ করিলে (ড্রাইভিং লাইসেন্স এর নবায়ন না থাকলে)।
- এয়ার অ্যাম্বুলেন্স, অ্যাম্বুলেন্স।
- ঘোষিত বা অঘোষিত যুদ্ধ, গৃহযুদ্ধ, বিপ্লব, বিদ্রোহ, ধর্মঘট, দাংগা অথবা অনুরূপ যে কোনো ঘটনায় আঘাতপ্রাপ্তি।

ii) স্বাস্থ্যবীমা দাবী পরিশোধের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক) হাসপাতালে ভর্তির জন্য ডাক্তার কর্তৃক নির্দেশিকা/প্রেসক্রিপশনের ফটোকপি থাকতে হবে।
খ) হাসপাতাল ত্যাগ এর জন্য হাসপাতাল কর্তৃপক্ষের ছাড়পত্রে ফটোকপি দাখিল করতে হবে।
গ) ডাক্তার কর্তৃক নির্দেশিত সকল প্যাথলজিক্যাল পরীক্ষার রিপোর্টের কপি দাখিল করতে হবে।
ঘ) হাসপাতালের সকল বিলের মূল কপি দাখিল করতে হবে।
ঙ) ডাক্তার কর্তৃক নির্দেশিত সকল ঔষধ ক্রয় এর মূল বিল দাখিল করতে হবে।
চ) ডাক্তার কর্তৃক অনুমতিপত্র ছাড়া কোন প্রকার ঔষধ ক্রয় করলে তা বীমা কোম্পানি বহন করবে না।
ছ) ডাক্তারের ফি এর মূল বিল/ ডাক্তার কর্তৃক অনুমতিপত্রে টাকার পরিমান উল্লেখ থাকিতে হবে। ডাক্তারের ফি-এর জন্য প্রেসক্রিপশন নিতে হবে।

iii) **মৃত্যুদাবি পরিশোধের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবেঃ**

ক) মৃত শিক্ষার্থীর বয়সের প্রমানপত্র (শিক্ষার্থীর বিভাগ কর্তৃক মৃত্যুসনদের সত্যায়িত কপি), এস.এস.সি /ভোটার আই কার্ড/ জন্ম নিবন্ধন এর কপি দাখিল করতে হবে।
খ) শিক্ষার্থীর নিজ এলাকার ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদের ফটোকপি।
গ) এম.বি.বি.এস ডাক্তার কর্তৃক মৃত্যু সনদের ফটোকপি দাখিল করতে হবে।
ঘ) মৃত ব্যক্তির জীবিত অবস্থায় চিকিৎসার সমুদয় কাগজপত্র দাখিল করতে হবে (প্রয়োজনে)।
ঘ) সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের উত্তরাধিকারী সনদপত্র (Succession Certificate) দাখিল করতে হবে।
ঙ) ময়না তদন্ত রিপোর্টের ফটোকপি বিভাগ/ইনস্টিটিউটের শিক্ষক কর্তৃক কপি দাখিল করতে হবে (প্রয়োজনে)।
চ) পুলিশি তদন্তের প্রতিবেদনের ফটোকপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক কপি দাখিল করতে হবে (প্রয়োজনে)।
ছ) শিক্ষার্থী ও নমিনির জাতীয় পরিচয়পত্রের কপি।
জ) নমিনির ১ (এক) কপি ছবি।

মোঃ আনোয়ার হোসেন
সহকারী হিসাব পরিচালক
মোবাইল নং: ০১৭১৫৪১৩৬৩৫
ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৩/০৭/২৩
হিসাব পরিচালক
ঢাকা বিশ্ববিদ্যালয়।

CamScanner

# Jamuna Life Insurance Co. Ltd

| | Hospital Name | Address |
|---|---|---|
| | brahim Cardiac Hospital & Reserch Institute | 122, Kazi Nazrul Islam Avenue, Shahbag, Dhaka-1000 |
| 2 | Bangladesh Specialized Hospital Ltd. | 21, Shamoly, Mirpur Road, Dhaka-1207 |
| 3 | Samorita Hospital Limited | 89/1, Panthapath,Dhaka-1215 |
| 4 | Green Life Hospital Ltd. | 32, Green Road, Dhanmondi, Dhaka-1205 |
| 5 | Asgar Ali Hospital | 111/1/A, Distilary Road, Gandaria, Dhaka-1204 |
| 6 | BRB Hospital | 77/A , Panthpath, Dhaka-1215 |
| 7 | Japan Bangladesh Friendship Hospital | 55, Satmasjid Road, Zigatola Bus Stand, Dhanmondi , Dhaka-1209 |
| 8 | Uttara Crescent Hospital | House No-21, Road-15, Sector-3, Rabindra Sarani, Uttara, Dhaka-1230 |
| 9 | Lubana General Hospital & cardiac Centre | 9, Garib-e-newaz Avenue, Sector-13, Uttara, Dhaka-1230 |
| 10 | York Hospital Ltd. | House No-12-13, Road No-12, Block-K, Banani, Dhaka-1213. |
| 11 | Lab Aid Cancer Hospital | 26, Green Road, Dhaka-1205 |
| 12 | Lab Aid Cardiac Hospital | House No-01, Road No-04, Dhanmondi, Dhaka-1205 |
| 13 | Comfort Diagnostic & Nursing Home | 167/B, Green Road, Dhanmondi, Dhaka-1205 |
| 14 | Holy Family Red Crescent Medical College Hospital | 1, Eskaton Garden Road, Dhaka-1000 |
| 15 | Central Hospital Limited | House No-02, Road No-05, Green Road, Dhanmondi, Dhaka-1205 |
| 16 | Lab Aid specialized Hospital Limited | House No-01, Road No-04, Dhanmondi, Dhaka-1205 |
| 17 | Insaf Barakah Kidney & General Hospital | 11, Shahid Tajuddin Ahmed Sharoni, Moghbazar Dhaka-1217 |
| 18 | Farazy Hospital Limited | 15-19, Block-E, Main Road, Banasree, Rampura, Dhaka-1219 |
| 20 | The Ibn Sina Trust | House-48, Road-9/A, Satmasjid Road, Dhanmondi, Dhaka-1209 |
| 25 | Anwar Khan Modern Hospital | House-17, Road-8, Dhanmondi, Dhaka. |
| 28 | Universal Medical Hospital | 74G/75, Peacock Square, New Airport Road, Mohakhali, Dhaka |
| 29 | Enam Medical College & Hospital | 9/3, Parboti Nagar, Thana Road, Savar, |
| 30 | Lab Zone Specialized Hospital | Holding-A-30/8, Mojidpur, Aricha Road, Savar, Dhaka. |
| 31 | Savar Care Hospital | E-24/1, Talbagh(North Side Of Thana Bus Stand), Savar, Dhaka |

CamScanner